

File No. 125 /WBHRC/COM/smc/17.

Date : 30-03-2017

Enclosed is the news clipping of 'Bartaman', a Bengali daily dated 30<sup>th</sup> March, 2017, the news item is captioned 'মাত্র ২০ টাকা চুরির অভিযোগে নাবালকের গায়ে খুস্তির ছেঁকা'।

The Commissioner of Barrackpore Police Commissionerate is directed to furnish a detailed report by 2<sup>nd</sup> May, 2017 enclosing thereto :-

- c) Copy of FIR, if any.
- d) Statement of the victim's grandmother.
- c) Address and particulars of the victim,



(Justice Girish Chandra Gupta)

Chairperson

২০ মার্চ

# র খবর

৩০ মার্চ ২০১৭ বর্তমান [১৩]

ব্যাংক  
খার  
নেই,  
বিআই

## মাত্র ২০ টাকা চুরির অভিযোগে নাবালকের গায়ে খুস্তির ছেঁকা

### পলাতক বাড়িওয়ালা ও স্ত্রী

বিআই: ১ এপ্রিল  
না। পুরানো  
এসে এদিন  
দিন, ওই দিন  
কার নেই। গত  
আরবিআই  
কাজের জন্য  
পর্বত প্রতিদিন  
এমনকী,  
খুস্তির দিন  
রাখতে হবে।  
সিয়েশন ও  
বিআইকে এ  
জানায়  
৫-২৬ মার্চ  
পেরেও ২৪  
তারিখ ওই  
বিআইয়ের  
ল ব্যাপক  
সি জানায়,  
যর জন্য ১  
বন্ধ থাকে।  
র সঙ্গে  
নির্দেশিকা  
ব্যাংক।  
এপ্রিল  
বার্ষিক  
বিশেষ  
কয়েকটি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: মাত্র ২০ টাকা চুরির অভিযোগে ১০ বছরের এক বালককে তিনদিন ধরে ঘরে আটকে রেখে গরম খুস্তির ছেঁকা দিল বাড়িওয়ালা। এমনকী, প্রতিবেশীদের কাছে যাতে এই ক্ষতীর্ণি ফাঁস করে দিতে না পারে, তার জন্য ভয় দেখিয়ে মাথায় লোহার রড দিয়ে আঘাতও করা হয়েছে। এই নৃশংস ঘটনাটি ঘটেছে দমদমের বেদিয়াপাড়ায়। ওই বালকের দিদা যাতে এই কথা কাউকে না জানাতে পারেন, তার জন্য তাঁকেও বাড়ি থেকে বের হতে দেওয়া হয়নি। এই ঘটনাকে কেন্দ্র করে গোটা এলাকায় ব্যাপক উত্তেজনার সৃষ্টি হয়েছে।

এদিন ওই বালকের দিদা বিষয়টি স্থানীয় কাউন্সিলার ও প্রতিবেশীদের জানান। তারপর তাঁরা ওই বালককে উদ্ধার করে দক্ষিণ দমদম পুরসভা হাসপাতালে চিকিৎসা করান। এরপরই এই নিয়ে দমদম থানায় অভিযোগ দায়ের করা হয়। যদিও পুলিশ যাওয়ার আগে অভিযুক্তরা বাড়ি ছেড়ে পালায়ে যায়। অবিলম্বে অভিযুক্ত সূশান্ত যোষ ও তাঁর স্ত্রী মঞ্জু যোষিকে গ্রেপ্তার করার দাবি তুলেছেন বাসিন্দারা। পুলিশ জানিয়েছে, অভিযুক্তদের খোঁজে তল্লাশি চালানো হচ্ছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, বেদিয়াপাড়ায় চতুর্থ শ্রেণির ছাত্র ওই বালক তার দিদার সঙ্গে সূশান্ত যোষের বাড়িতে ভাড়া থাকত। সে বলে, সূশান্ত ও তার স্ত্রী মঞ্জু তাকে স্কুল যেতে বাধা দিত। বরং প্রতিদিনই তাদের দোকানে কাজ করার জন্য চাপ সৃষ্টি করত। বাধা হয়ে সে দোকানে কিছু কাজ করে দিত। গত সোমবার সূশান্তর কাশবাগ্ন থেকে ২০ টাকা চুরি যায়। তখন ওই দোকানে বালকটি ছিল। সে ওই টাকা চুরি করেছে। এই অভিযোগে সূশান্ত তাকে ঘরে আটকে রাখা বলে অভিযোগ।

এরপর সূশান্ত ও তার স্ত্রী মিলে গায়ে গরম খুস্তির ছেঁকা দেয়। সে যাতে ঘর থেকে বের হতে না পারে, তার জন্য ঘরের দরজায় তালা বন্ধ করে আটকে রাখা হয়। ছেলেটির দিদাকেও এইভাবে আটকে রাখা হয়। তিনদিন ধরে তার উপর চলে অকথা অত্যাচার। মাথায় লোহার রড দিয়ে মারায় মাথার পিছনে গভীর গর্ভ হয়ে যায়।

এরপরই বুধবার সকালে কোনও কারণে বাড়ির মালিক ওই ঘরের তালি খুলে রাখে। সেই সুযোগে দিদা ঘর থেকে বেরিয়ে প্রতিবেশীদের খবর কেন। তাঁরা বিষয়টি জানান স্থানীয় কাউন্সিলার তথা চেয়ারম্যান-ইন-কাউন্সিলের সদস্য (স্বাস্থ্য) গোপা পাণ্ডে ও চেয়ারম্যান-ইন-কাউন্সিলের সদস্য (সেবাশিস) বন্দ্যোপাধ্যায়কে। তাঁরা দু'জনে সূশান্তর বাড়িতে গিয়ে ওই বালককে উদ্ধার করে পুরসভা হাসপাতালে চিকিৎসার জন্য পাঠান। সূশান্ত ও তার স্ত্রী মঞ্জু ততক্ষণে গা ঢাকা দিয়েছে। এরপর তার দিদা এই নিয়ে দমদম থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে গরম খুস্তির ছেঁকা দেওয়া ও ঘরে আটকে রেখে মাথায় মেয়ে রক্তাক্ত করার অভিযোগ এনেছেন। পুলিশ এই অভিযোগের ভিত্তিতে নির্দিষ্ট ধারণা মামলা রুজু করেছে। পুলিশ জানিয়েছে, অভিযুক্তদের দ্রুত গ্রেপ্তার করা হবে।

এদিন ওই বাড়িতে গিয়ে দেখা গেল, মাথায় ব্যাভেজ্ঞ ও পোটা গায়ে ফোসকা পড়ে যাওয়ায় ভালো করে শুভেত ও পারছে না ছেলেটি। ওই ডরবহ শ্রুতি কিছুতেই সে তুলতে পারছে না। জড়ানো গলায় সে বলে, আমি টাকা চুরি করিনি। বারবার কাকুকে বলা সত্ত্বেও আমার কথা শোনেনি। টাকা ফেরত না দিলে আমাকে গায়ে গরম খুস্তির ছেঁকা দেওয়া হবে বলে ভয় দেখিয়েছিল। আমি টাকা ফেরত দিতে পারিনি, তাই আমাকে গায়ে গরম খুস্তির ছেঁকা দিল।

অর্থাভাব দেখিয়ে পোষকের সাজী